ISO 9001, ISO 1400 &
OHSAS 18001 Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
(এনার্জি অডিট এন্ড ট্যারিফ) এর কার্যালয়
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
নিকুঞ্জ-২, ঢাকা-১২২৯।
ফোন # ৮৯০০৫৬৫
E-mail: ratecellreb@yahoo.com

স্মারক নং-২৭.১২.০০০০.১৭৪.০৬.২২৬.১৯. ১৩৮

তারিখঃ ২১/১০/ ২০১৯ খ্রিঃ।

চেয়ারম্যান
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা)
১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

বিষয়ঃ বিদ্যুতের খুচরা মূল্যহার পরিবর্তনের জন্য আবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এনার্জি রেগুরেটরী কমিশন কর্তৃক বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের (বাপবিবো) আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের বিদ্যুতের খুচরা বিক্রয় মূল্যহার গত ডিসেম্বর'১৭ মাস হতে কার্যকর করে পুনঃনির্ধারণ করা হয়েছিল। উক্ত বিদ্যুতের মূল্যহার অনুযায়ী বাপবিবো'র আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ ২০১৮-১৯ অর্থবছরে ব্রেক-ইভেনে ছিল এবং চলতি ২০১৯-২০ অর্থবছরেও ব্রেক-ইভেনে থাকবে। এ প্রেক্ষিতে বাপবিবো'র খুচরা বিদ্যুতের মূল্যহার বৃদ্ধির প্রয়োজন নেই।

০২। কমিশন কর্তৃক বাপবিবো'র জন্য পাইকারি মূল্যহার (BST) বৃদ্ধি করা হলে সে ক্ষেত্রে বাপবিবো'র আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের জন্য বিদ্যুতের খুচরা বিক্রয় মূল্যহার বৃদ্ধির প্রয়োজন হবে। পাইকারি মূল্যহার (BST) বৃদ্ধির ফলে যে পরিমাণ অতিরিক্ত রাজস্ব চাহিদার প্রয়োজন হবে তা মেটানোর জন্য প্রয়োজনীয় খুচরা বিদ্যুৎ মূল্যহার বৃদ্ধির জন্য অনুরোধ করা হলো।

০৩। সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাবটি প্রেরণ করা হলো।

সংযুক্তি-বর্ণনামতে।

মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ)
চেয়ারম্যান
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

ডাইরী নং: ৭৫৫৫	তারিখ: ২২/১০/১৯
সদস্য (পেট্রো/আইন)	১। নথিতে উপস্থাপন করুন ✓
সদস্য (প্রশাসন ও অর্থ)	২। পরীক্ষান্তে মতামতসহ পেশ করুন
সদস্য (গ্যাস)	৩। এ সম্পর্কে একটি প্রতিবেদন পেশ করুন
সদস্য (বিদ্যুৎ) ✓	৪। Please attend
সচিব	
একান্ত সচিব	
চেয়ারম্যান	

DD (Tariff)
22/10/19

AD (Tariff-2)
22.10.19

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের বিদ্যুতের খুচরা মূল্যহার পরিবর্তনের খসড়া আবেদন

১. **সূচনা কথা:** *আগামি ১ জানুয়ারি ২০২০ থেকে বিদ্যুৎ ক্রয়ের পাইকারি মূল্যহার (বিএসটি) বৃদ্ধি করা হলে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতির খুচরা বিদ্যুৎ বিক্রয় মূল্যহার বৃদ্ধির প্রয়োজন হবে। বর্তমানে বাপবিবো ব্রেক-ইভেনে অবস্থান করছে। কমিশন কর্তৃক বিগত ডিসেম্বর'১৭ হতে কার্যকরকৃত ট্যারিফে বাপবিবো'র জন্য বিতরণ রেট (Distribution Rate) কি.ও.ঘ. প্রতি ১.৬৩ টাকা নির্ধারণ করা হয়েছিল।*

২. **ট্যারিফ পরিবর্তনের যৌক্তিকতা:** *বর্তমানে বাপবিবো ব্রেক-ইভেনে অবস্থান করছে। ফলে পাইকারি ক্রয়মূল্যহার ট্যারিফ (বিএসটি) বৃদ্ধি করা হলে একইসাথে খুচরা মূল্যহারও বৃদ্ধির প্রয়োজন হবে। আগামি ২০১৯-২০ অর্থবছর এবং ২০২০ পঞ্জিকা বছরে বিদ্যুৎ বিক্রয় (Energy growth) বৃদ্ধি পেয়ে যে পরিমাণ আয় বৃদ্ধি পাবে, অনুরূপভাবে নতুন নতুন প্রকল্প বাস্তবায়নের কারণে অবচয় ব্যয় বৃদ্ধি, বেতন-ভাতা বৃদ্ধি, মান সম্মত গ্রাহক সেবার জন্য সে পরিমাণ ব্যয় বৃদ্ধির পেয়ে আয়-ব্যয় সমান থাকবে। এক্ষেত্রে বিউবো হতে বিদ্যুৎ ক্রয়ের পাইকারি মূল্যহার (বিএসটি) যদি বৃদ্ধি করা হয়, সেক্ষেত্রে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতির খুচরা বিদ্যুৎ বিক্রয়হারও বৃদ্ধির প্রয়োজন হবে।*

৩. **বিদ্যুৎ ক্রয়, বিতরণ লস ও বিদ্যুৎ বিক্রয়ের বিবরণ:** *বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতির সিস্টেম লস বর্তমানে ১০.৮৯%, যা বিগত ২০০৮-০৯ অর্থবছরে ছিল ১৫.৫৬% (বিস্তারিত সংযুক্তি-১)। উল্লেখ্য, ১% সিস্টেম লস হ্রাসকরণের ফলে বাপবিবো'র প্রায় ২২৫ কোটি টাকা সাশ্রয় হয়ে থাকে। বিগত তিন বছরে বাপবিবো ১ কোটিরও অধিক গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান, প্রায় ২ লক্ষ কিলোমিটার বিতরণ লাইন এবং প্রায় ৪ হাজার এমভিএ ক্ষমতার উপকেন্দ্র নির্মাণ করেছে। ফলে সরকারের শতভাগ বিদ্যুতায়ন কর্মসূচি সফল হতে চলেছে। বর্তমানে বাপবিবো'র গ্রাহকসংখ্যা ২.৭৪ কোটি এবং দেশের ৯৪% মানুষ বিদ্যুৎ সুবিধার আওতায় এসেছে। বাপবিবো'র বিগত তিন বছরের বার্ষিক বিক্রয় প্রবৃদ্ধি ছিল যথাক্রমে ১১%, ১৪% ও ১৭%। শতভাগ বিদ্যুতায়ন কর্মসূচি প্রায় শেষ পর্যায়ে পৌঁছে যাওয়ায় চলমান ২০১৯-২০ অর্থবছরে বিদ্যুৎ বিক্রয় প্রবৃদ্ধি ১১% প্রাক্কলন করা হয়েছে।*

ছক-১: [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড] বিদ্যুৎ ক্রয়, সিস্টেম লস ও খুচরা বিক্রয়ের তথ্যাবলী]

বিবরণ	২০১৮-১৯ অর্থবছর (প্রকৃত)			২০১৯-২০ অর্থবছর (প্রাক্কলিত)			১ জানু'-৩১ ডিসেম্বর ২০২০ এর (প্রাক্কলিত)		
	বিদ্যুৎ ক্রয় (মি.কি.ও.ঘ.)[১]	সিস্টেম লস (%)[২]	বিদ্যুৎ বিক্রয় (মি.কি.ও.ঘ.)[৩]	বিদ্যুৎ ক্রয় (মি.কি.ও.ঘ.)	সিস্টেম লস (%)	বিদ্যুৎ বিক্রয় (মি.কি.ও.ঘ.)	বিদ্যুৎ ক্রয় (মি.কি.ও.ঘ.)	সিস্টেম লস (%)	বিদ্যুৎ বিক্রয় (মি.কি.ও.ঘ)
(ক) সিঙ্গেল বায়ার হতে ক্রয়		১০.৮৯%	৩০৮৭৯.৬২		১০.৯০%	৩৪,২৭৬.৩৭		১০.৮৫%	৩৫,৮১৮.৮১
১। ৩৩ কেভি (গ্রীড)	৩২,৭৩৪.৯৮			৩৬,৬৬৮.৩১			৩৮৩৭৬.৯০		
২। ৩৩ কেভি (নন-গ্রীড)									
৩। ১৩২ কেভি									
৪। ২৩০ কেভি									
উপ-মোট:	৩২,৭৩৪.৯৮								
(খ) সরাসরি বিদ্যুৎ ক্রয়:									
১। আইপিপি	১৪৭৫.৭৫			১৪৭৫.৭৬			১৪৭৫.৭৬		
২। ক্যাপটিভ	৯১.৩৬			৯১.৩৬			৯১.৩৬		
৩। সোলার				২৩৪.১২			২৩৪.১২		
৪। অন্যান্য (কমার্শিয়াল)	৩৪৯.৫৪			১৮০১.২৪					
উপ-মোট:	১৯১৬.৬৫								
সর্বমোট (ক+খ):	৩৪৬৫১.৬৩			৩৮,৪৬৯.৫৫			৪০১৭৮.১৪		

[বি:দ্র: [১]উপরোক্ত ছকে বর্ণিত সময়ের বিদ্যুৎ ক্রয়ের হিসাব আলাদাভাবে এবং মোট সিস্টেম লস ও মোট বিদ্যুৎ বিক্রয়ের তথ্য উল্লেখ করা হলো;
[২]বিতরণ সিস্টেম লসের Supporting Documents হিসাবে ২০০৭-০৮ হতে ২০১৮-১৯ এর প্রকৃত বিতরণ সিস্টেম লস এবং ২০১৯-২০ অর্থবছর ও ১ জানু'-৩১ ডিসেম্বর ২০২০ সময়ের প্রাক্কলিত সিস্টেম লস সংযুক্ত করা হলো (**সংযুক্তি-১**);
[৩]২০১৮-১৯ এর প্রকৃত এবং ২০১৯-২০ অর্থবছর ও ১ জানু'-৩১ ডিসেম্বর ২০২০ পঞ্জিকাবর্ষের গ্রাহকশ্রেণিভিত্তিক বিদ্যুৎ বিক্রয়ের প্রাক্কলিত তথ্য সংযুক্ত করা হলো (**সংযুক্তি-২**)। এছাড়া, উপরোক্ত ছকে বর্ণিত সময়ের মোট বিদ্যুৎ বিক্রয়ের তথ্য উল্লেখ করা হলো।]

৪. যাচাই বর্ষ/টেস্ট ইয়ার ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছর এবং ১ জানু'-৩১ ডিসেম্বর ২০২০ পঞ্জিকাবর্ষের আর্থিক বিবরণী: [*আর্থিক বিবরণীর সারসংক্ষেপ নিম্নোক্ত ছক অনুযায়ী উল্লেখ করা হলো।*

ছক-২(ক): [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড] বিদ্যুৎ বিতরণ ব্যয়ের তথ্য

ক্রমিক নং	বিবরণ	২০১৮-২০১৯ অর্থবছর (প্রকৃত)	২০১৯-২০২০ অর্থবছর (প্রাক্কলিত)	২০২০ পঞ্জিকাবর্ষ [ট্যারিফ বর্ষ] (প্রাক্কলিত)
১	জনবল ব্যয়	২৩৫৪০.০০	২৩৭৬০.০০	২৩৯৭০.০০
২	মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয়	২৬০০.০০	২৭৩০.০০	২৮০০.০০
৩	অফিস, প্রশাসনিক ও সাধারণ ব্যয়	৩৫৮০.০০	৩৭৫৯.০০	৩৮০০.০০
৪	অবচয়	১৮৯২১.৬৫	২২৯০০.০০	২৪৯২০.০০
৫	বৈদেশিক মুদ্রার বিনিময় হারের হ্রাস-বৃদ্ধিজনিত ব্যয়			
৬	রিটার্ন অন রেট বেজ	৬৩৬৮.৩৯	৭৩০০.০০	৭৮৫০.০০
৭	কর্পোরেট ট্যাক্স	৮০০.৬১	৮৭০.০০	৯০০.০০
৮	**মোট বিতরণ ব্যয়/মোট বার্ষিক রাজস্ব চাহিদা (টাকা) [১+২+৩+৪+৫+৬+৭]**	৫৫৮১০.৬৪	৬১৩১৯.০০	৬৪২৪০.০০
৯	অন্যান্য আয় (টাকা)	৮১৩১.৮৫	৯৫৩১.৮৫	১০১০০.০০
১০	নীট বিতরণ ব্যয়/নীট বার্ষিক রাজস্ব চাহিদা (টাকা) [৮-৯]	৪৭৬৭৮.৭৯	৫১৭৮৭.১৫	৫৪১৪০.০০
১১	খুচরা বিদ্যুৎ বিক্রয় (কি.ও. ঘণ্টা)	৩০৮৭৯.৬২	৩৪২৭৬.৩৭	৩৫৮১৮.৮১
১২	বিতরণ (ডিস্ট্রিবিউশন) রেট (টাকা/কি.ও.ঘন্টা) [১০/১১]	১.৫৪৪	১.৫১১	১.৫১১

[*২০১৮-১৯ অর্থবছরে প্রকৃত বিতরণ ব্যয় ছিল কি.ও.ঘ প্রতি ১.৫৪ টাকা। আগামি ২০১৯-২০ অর্থবছরের তা হ্রাস পেয়ে হবে কি.ও.ঘ. প্রতি ১.৫১ টাকা প্রাক্কলন করা হয়েছে*]।

[**সংযুক্তি-৩:** (১) রিটার্ন অন রেট বেজ হিসাবের বিস্তারিত তথ্য;
(২) মোট পরিচালন ও রক্ষণাবেক্ষণে ব্যয় [উপরোক্ত ছকের ক্রমিক ১, ২ এবং ৩ এর বিস্তারিত বিবরণ;
(৩) পঞ্জিকাবর্ষ ২০২০ অর্থাৎ ১ জানু-৩১ ডিসেম্বর ২০২০ এর সকল প্রাক্কলিত ব্যয় বিবরণী;
(৪) অর্থবছর ২০১৮-১৯ এর নিরীক্ষা প্রতিবেদন;
(৫) ২০১৯-২০ এবং ২০২০ পঞ্জিকাবর্ষের Fixed Asset এবং Depreciation সিডিউল।]

ছক-২(খ): [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড] বিদ্যুৎ ক্রয় বাবদ ব্যয়ের তথ্য

ক্রমিক নং	বিবরণ	২০১৮-২০১৯ অর্থবছর			
		বিদ্যুৎ ক্রয় ব্যয়		সঞ্চালন ব্যয়	
		পরিমাণ (মি.কি.ও.ঘ.)	মিলিয়ন টাকা	পরিমাণ (মি. কি.ও.ঘ.)	মিলিয়ন টাকা
১	**সিঙ্গেল বায়ার থেকে বিদ্যুৎ ক্রয় ও সঞ্চালন ব্যয়**				
	ক. ৩৩ কেভি লেভেলে ক্রয় (গ্রীড)	৩২,৭৩৪.৯৮	১৩২৮০৫.৮০	৩২,৭৩৪.৯৮	৯০১৭.৮৩
	খ. ৩৩ কেভি লেভেলে ক্রয় (নন-গ্রীড)				
	গ. ১৩২ কেভি লেভেলে ক্রয়				
	ঘ. ২৩০ কেভি লেভেলে ক্রয়				
	উপ-মোট:	৩২,৭৩৪.৯৮	১৩২৮০৫.৮০	৩২,৭৩৪.৯৮	৯০১৭.৮৩
২	**সরাসরি বিদ্যুৎ ক্রয়**				
	ক. আইপিপি	১৪৭৫.৭৫	৪২২২.৯৬		
	খ. ক্যাপটিভ	৯১.৩৬	৩৬১.৪১		
	গ. কমার্শিয়াল	৩৪৯.৫৪	১০৬০.৩৬		
	উপ-মোট:	১৯১৬.৬৫	৫৬৪৪.৭৩		
৩	**মোট (১+২):**	৩৪৬৫১.৬৩	**১৩৮৪৫০.৫২**		৯০১৭.৮৩
৪	মোট বিদ্যুৎ ক্রয় ও সঞ্চালন বাবদ ব্যয় (টাকা)				১,৪৭,৪৬৮.৩৬
৫	খুচরা বিদ্যুৎ বিক্রয় (মি.কি.ও. ঘন্টা)				৩০৮৭৯.৬২
৬	এনার্জি রেট (টাকা/ কি.ও. ঘন্টা)				৪.৭৮

[মন্তব্য: *২০১৮-১৯ অর্থবছরে বিউবো হতে বিদ্যুৎ ক্রয় (হুইলিং চার্জসহ) এবং আইপিপি হতে বিদ্যুৎ ক্রয়ে প্রকৃত গড় ব্যয় ছিল কি.ও.ঘ প্রতি ৪.৭৮ টাকা। আগামি ২০১৯-২০ অর্থবছরের তা বৃদ্ধি পেয়ে হবে কি.ও.ঘ. প্রতি ৪.৮১ টাকা। উল্লেখ্য, আইপিপি হতে বিদ্যুৎ ক্রয়ের পরিমাণ হ্রাস পাওয়ায় (এভারেস্ট পাওয়ার জেনারেশন কোং এর সাথে গত ০১/০৭/২০১৯ তারিখ হতে বিদ্যুৎ ক্রয় চুক্তির মেয়াদ শেষ হয়েছে) বিউবো হতে বিদ্যুৎ ক্রয়ের পরিমাণ বৃদ্ধি পাবে। বাপবিবো কয়েকটি আইপিপি হতে গড়ে প্রায় ৩.৩১৭ টাকা হারে বিদ্যুৎ ক্রয় করে থাকে, যা বিউবো হতে পাইকারী বিদ্যুৎ ক্রয়মূল্যের (৪.০৫৭ টাকা) চেয়ে কম*]।

[সংযুক্তি-৪: (১) আইপিপি, ক্যাপটিভ, সোলার, ইত্যাদি হতে সরাসরি বিদ্যুৎ ক্রয়ের বিস্তারিত বিবরণী।]

৫. **যাচাই বর্ষ/টেস্ট ইয়ার ২০১৮-১৯ এর সার্বিক আয় বিবরণী:** [*আয় বিবরণীর সারসংক্ষেপ উল্লেখ করা হলো। ২০১৮-১৯ অর্থবছরে মোট ৩০৮৭৯.৬২ মিলিয়ন কি.ও.ঘ. বিদ্যুৎ বিক্রয়ের বিপরীতে মোট এনার্জি চার্জ বাবদ ১৮৫৮৩৩.৯৯ মিলিয়ন টাকা, ডিমান্ড চার্জ বাবদ ৯৪০৮.১৮ মিলিয়ন টাকা, পিএফসি সারচার্জ ৫০৫.৮৭ মিলিয়ন টাকা, অফিস ব্যবহার বাবদ ৮১.৬১ মিলিয়ন টাকা (সংযুক্তি-৫ মোতাবেক) এবং অন্যান্য আয়/ফি বাবদ ৮১৩১.৮৫ মিলিয়ন টাকা আয় হয়েছে (সংযুক্তি-৬ মোতাবেক)*]।

৬. *আগামি ১ জানুয়ারি ২০২০ থেকে বিদ্যুৎ ক্রয়ের পাইকারি মূল্যহার (বিএসটি) ট্যারিফ বৃদ্ধি করা হলে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতির খুচরা বিদ্যুৎ বিক্রয়হার বৃদ্ধি করার প্রয়োজন হবে। বিএসটি যে পরিমাণ বৃদ্ধি করা হবে তার সাথে সিস্টেম লস যোগ করে খুচরা বিদ্যুৎ বিক্রয় মূল্যহার বৃদ্ধি করা প্রয়োজন। এছাড়াও উক্ত বিএসটি এবং খুচরা বিদ্যুৎ মূল্যহার একই সময় হতে কার্যকর করা প্রয়োজন।*

৭. **কমিশন কর্তৃক প্রদত্ত আদেশ বাস্তবায়ন:** *কমিশন কর্তৃক ২০১৭ সালে প্রদত্ত (ক) মূল্যহার আদেশ বাপবিবো'র ৮০টি সমিতিতেই বাস্তবায়ন করা হয়েছে। এছাড়াও কমিশন প্রদত্ত প্রায় সকল নির্দেশনা বাস্তবায়ন করা হয়েছে। উল্লেখ্য, বাপবিবো কর্তৃক সকল এমটি এবং এইচটি গ্রাহকদের পিক-অফপিক মিটার চালু করা হয়েছে, এলটি (ক্ষুদ্র শিল্প এবং বাণিজ্যিক) গ্রাহকদের অতি শীঘ্রই পিক-অফপিক মিটার চালু করা হবে। যার ফলে ২০১৮-১৯ অর্থবছরের গড় বিদ্যুৎ বিক্রয়হার ৬.৩৪ টাকা/কি:ও:ঘ; হয়েছে। উল্লেখ্য, ডিসেম্বর'১৭ মাসে কমিশন জারিকৃত বাপবিবো'র জন্য বিক্রয়হার ৬.৪১ টাকা/কি:ও:ঘ: প্রাক্কলন করা হয়েছিল। বাপবিবো'র সকল ফিডারে (প্রায় ৩৫০০টি) ফিডার মিটারিং করা হয়েছে এবং সে অনুযায়ী সিস্টেম লস হ্রাসকরণে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।*

৮. ***খুচরা বিদ্যুৎ মূল্যহারের শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি'র ওপর মতামত:*** *কমিশন কর্তৃক ২০১৭ সালের আদেশে প্রদানকৃত খুচরা বিদ্যুৎ মূল্যহারের শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি ইত্যাদি বিধি-বিধান যুগোপযোগী হয়েছে। শিল্প ও বাণিজ্যিক গ্রাহকদের ক্ষেত্রে ৫০ কিঃওঃ লোডে প্রাইমারী মিটারিং করা হলে লীন পিরিওডে (খুব অল্প পরিমান লোড থাকলে) মিটারে রিডিং প্রদর্শিত হয় না। উল্লেখ্য, বাপবিবো কর্তৃক ডিসেম্বর'১৭ এর পূর্বে ১০০ কিঃওঃ লোড পর্যন্ত গ্রাহকদের শুধুমাত্র সিটি মিটারিং করা হতো, সিটি-পিটি মিটারিং করা*

হতো না। এছাড়াও বাপবিবো'র বেশ কিছু সেচ গ্রাহক সেচ অমৌসুমে উক্ত পাম্প হতে খাবার পানি সরবরাহ করে থাকে – এ সকল গ্রাহকদের ট্যারিফ বিষয়ে বিইআরসি'র নির্দেশনা প্রয়োজন।

৯. বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বিদ্যুৎ বিতরণ (খুচরা) ট্যারিফ প্রবিধানমালা, ২০১৬ এর প্রবিধান ৫ অনুযায়ী আবশ্যকীয় অন্যান্য তথ্যাবলী উল্লেখ/সংযুক্ত করা হলোঃ

৯.১। কালানুক্রমিক (historical trend) ট্যারিফের সার-সংক্ষেপ (সংযুক্তি-৭);

৯.২। বিগত ৩ (তিন) অর্থ বৎসরের সিস্টেম লস (System Loss) (বিস্তারিত সংযুক্তি-১);

৯.৩। সিস্টেম লস হ্রাসকরণের নিমিত্ত ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতিকে ভিন্ন ভিন্ন লক্ষ্যমাত্রা প্রদান করা হয়ে থাকে। সে প্রেক্ষিতে ২০১৯-২০ অর্থবছরে সিস্টেম লস হ্রাসকরণের লক্ষ্যমাত্রা প্রদান করা হয়েছে (সংযুক্তি-৮)। এছাড়াও সিস্টেম লস হ্রাসকরণের জন্য সিস্টেম আপগ্রেডেশনের কাজ চলমান রয়েছে এবং আপগ্রেডেশন প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। বাপবিবো'র বিভিন্ন কর্মকর্তাদেরকে সিস্টেম লস হ্রাসকরণের বিষয়টি মনিটরিং করার জন্য দায়িত্ব প্রদান করা হয়েছে (সংযুক্তি-৯);

৯.৪। পরিচালন ও রক্ষণাবেক্ষণ খরচ নিয়ন্ত্রণের জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বিধায় ক্রমান্বয়ে তা হ্রাস পাচ্ছে। ২০১৮-১৯ অর্থবছরে বিতরণ রেট (টাকা/কি.ও.ঘ.) ছিল ১.৫৪৪ টাকা এবং হ্রাস পেয়ে তা ২০১৯-২০ অর্থবছরে হবে ১.৫১১ টাকা। পরিচালন ও রক্ষণাবেক্ষণ খরচ হ্রাসকরণে নিমিত্ত বাপবিবো'র কর্মকর্তাদের সমন্বয়ে টাস্কফোর্স কমিটি গঠন করা হয়েছে (সংযুক্তি-১০);

৯.৫। ভোক্তার সেবার মান বৃদ্ধির জন্য নিয়মিতভাবে যথাসময়ে গ্রাহক অভিযোগ নিষ্পন্ন করা হচ্ছে, যার তথ্য বিইআরসি বরাবরে প্রেরণ করা হচ্ছে (সংযুক্তি-১১)। প্রতিটি পল্লী বিদ্যুৎ সমিতিতে অভিযোগ কেন্দ্র রয়েছে, যার মাধ্যমে গ্রাহক অভিযোগ নিষ্পন্ন করা হচ্ছে। এছাড়াও অভিযোগ গ্রহণের জন্য বাপবিবো'র কেন্দ্রীয় অভিযোগ কেন্দ্র রয়েছে, যেখানে যে কোন স্থান হতে অভিযোগ জানানো যায় এবং দ্রুত অভিযোগ নিষ্পন্নের বিষয়টি মনিটরিংসহ বাপবিবো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে। গ্রাহকের মতামত পরীবিক্ষণের জন্য ডিজিটাল মতামত গ্রহণের ব্যবস্থা চালু রয়েছে, যার মাধ্যমে গ্রাহকগণ তাদের প্রাপ্ত সেবার মান সম্পর্কে মতামত প্রকাশ করেন। প্রি-পেমেন্ট মিটার স্থাপন, বিদ্যুৎ বিল পরিশোধ সহজীকরণের জন্য নগদ, ব্যাংক, এজেন্ট ব্যাংকিং, বিকাশ, ইউডিসি এবং অনলাইনে বিদ্যুৎ বিল গ্রহণ করা হচ্ছে। ওভাররোডেড ট্রান্সফরমারের সংখ্যা প্রায় শূণ্য, SAIDI ও SAIFI ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে, বাপবিবো'র চেয়ারম্যান মহোদয় প্রতি সোমবার পাবলিক হেয়ারিং করে থাকেন এবং প্রতিটি পল্লী বিদ্যুৎ সমিতিতে পাবলিক হেয়ারিং করা হচ্ছে।

৯.৬। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বর্তমান বিতরণ ব্যবস্থার আপগ্রেডেশন এর জন্য ০৩টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। নতুন নতুন সাব-স্টেশন নির্মাণসহ প্রয়োজন অনুযায়ী সাব-স্টেশনের ক্ষমতা বৃদ্ধি করা হচ্ছে। এছাড়াও বিতরণ ব্যবস্থা অটোমেশন ও আধুনিকায়নের কাজ চলমান রয়েছে। সে প্রেক্ষিতে ৩৩ কেভি লাইন ও ১১ কেভি লাইন এর GIS কার্যক্রম চলমান রয়েছে। বিতরণ লাইন ও সাব-স্টেশন SCADA System এর আওতাভুক্তকরণের জন্য এর feasibility study করা হচ্ছে।

১০. উপসংহার: *বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের নিয়ন্ত্রণাধীন* ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতি একত্রে বর্তমানে ব্রেক ইভেনে থাকায় পাইকারি ক্রয় মূল্যহার (BST) বৃদ্ধি করা না হলে আপাতত বিদ্যুতের খুচরা মূল্য বৃদ্ধির প্রয়োজন নেই।

21.10.19
(মোঃ মামুন)
উপ-পরিচালক (অর্থ) চঃদাঃ
এনার্জি অডিট এন্ড ট্যারিফ
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২৭/১০
(বিপুর ঘাটা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এনার্জি অডিট এন্ড ট্যারিফ
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

অর্থবছর	বিদ্যুৎ ক্রয় (মিঃকিঃওঃঘঃ)	বিদ্যুৎ বিক্রয় (মিঃকিঃওঃঘঃ)	বিদ্যুৎ বিক্রয়ের বার্ষিক প্রবৃদ্ধি (%)	সিস্টেম লস (%)
২০২০ সাল (প্রাক্কলিত)	৪০,১৭৮	৩৫,৮১৯	৪.৫০%	১০.৮৫%
২০১৯-২০ (প্রাক্কলিত)	৩৮,৪৭০	৩৪,২৭৬	১১.০০%	১০.৯০%
২০১৮-১৯	৩৪,৬৫২	৩০,৮৮০	১৭.১০%	১০.৮৯%
২০১৭-১৮	২৯,৬৪৩	২৬,৩৭১	১৪.৭১%	১১.০৪%
২০১৬-১৭	২৫,৯৫৮	২২,৯৮৯	১৩.৮২%	১১.৪৪%
২০১৫-১৬	২৩,০৮২	২০,১৯৮	১৬.৪৪%	১২.৫০%
২০১৪-১৫	১৯,৯১৯	১৭,৩৪৬	১১.৩২%	১২.৯২%
২০১৩-১৪	১৮,০৫৯	১৫,৫৮২	১৩.২৯%	১৩.৭২%
২০১২-১৩	১৫,৯৬৯	১৩,৭৫৪	১২.১৫%	১৩.৮৭%
২০১১-১২	১৪,২৫৮	১২,২৬৪	১৭.০২%	১৩.৯৯%
২০১০-১১	১২,২৩০	১০,৪৮০	৮.৮৩%	১৪.৩১%
২০০৯-১০	১১,৩০৩	৯,৬২৯	১৩.০২%	১৪.৮১%
২০০৮-০৯	১০,০৮৯	৮,৫১৯	৭.৯৪%	১৫.৫৬%
২০০৭-০৮	৯,২৯১	৭,৮৯৩		১৫.০৫%

(মোঃ মামুন)
প-পরিচালক (অর্থ) চঃদাঃ
এনার্জি অডিট এন্ড ট্যারিফ
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বো

(বিপ্লব ঘাটা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এনার্জি অডিট এন্ড ট্যারিফ
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

ছক-১: বিতরণ সংস্থা হিসাবে বিদ্যুৎ ক্রয়, সিস্টেম লস ও খুচরা বিক্রয়

২০১৮-২০১৯ অর্থবছর (প্রকৃত)				২০১৯-২০২০ অর্থবছর (প্রাক্কলিত)				০১ জানুয়ারী হতে ৩১ ডিসেম্বর ২০২০ (প্রাক্কলিত)			
বিদ্যুৎ ক্রয় (মি.কি.ও.ঘ.)		সিস্টেম লস (%)	বিদ্যুৎ বিক্রয় (মি.কি.ও.ঘ.)	বিদ্যুৎ ক্রয় (মি.কি.ও.ঘ.)		সিস্টেম লস (%)	বিদ্যুৎ বিক্রয় (মি.কি.ও.ঘ.)	বিদ্যুৎ ক্রয় (মি.কি.ও.ঘ.)		সিস্টেম লস (%)	বিদ্যুৎ বিক্রয় (মি.কি.ও.ঘ.)
ক) সিঙ্গেল বায়ার		১০.৮৯%	৩০,৮৭৯.৬২	ক) সিঙ্গেল বায়ার		১০.৯০%	৩৪,২৭৬.৩৭	ক) সিঙ্গেল বায়ার		১০.৮৫%	৩৫,৮১৮.৮১
৩৩ কেভি	৩২,৭৩৪.৯৮			৩৩ কেভি	৩৬,৬৬৮.৩১			৩৩ কেভি	৩৮,৩৭৬.৯০		
খ) সরাসরি বিদ্যুৎ ক্রয়				খ) সরাসরি বিদ্যুৎ ক্রয়				খ) সরাসরি বিদ্যুৎ ক্রয়			
১। আইপিপি	১,৪৭৫.৭৫			১। আইপিপি	১,৪৭৫.৭৬			১। আইপিপি	১,৪৭৫.৭৬		
২। ক্যাপটিভ	৯১.৩৬			২। ক্যাপটিভ	৯১.৩৬			২। ক্যাপটিভ	৯১.৩৬		
৩। অন্যান্য	৩৪৯.৫৪			৩। অন্যান্য	২৩৪.১২			৩। অন্যান্য	২৩৪.১২		
উপ-মোট:	১,৯১৬.৬৫			উপ-মোট:	১,৮০১.২৪			উপ-মোট:	১,৮০১.২৪		
মোট (ক+খ):	৩৪,৬৫১.৬৩			মোট (ক+খ):	৩৮,৪৬৯.৫৫			মোট (ক+খ):	৪০,১৭৮.১৪		

বি: দ্র: ৩০/০৬/১৯ খ্রিঃ তারিখে এভারেষ্ট পাওয়ার জেনারেশন কো: লি: এর সাথে বিদ্যুৎ ক্রয় চুক্তির মেয়াদ শেষ হয়েছে বিধায় উক্ত প্রতিষ্ঠান হতে জুলাই'১৯ হতে বিদ্যুৎ ক্রয় করা হচ্ছে না।

(মোঃ মামুন)
উপ-পরিচালক (অর্থ) চঃদাঃ
এনার্জি অডিট এন্ড ট্যারিফ
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

(বিপুল কান্তি)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এনার্জি অডিট এন্ড ট্যারিফ
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।